গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য অফিসারের কার্লয়
ফরিদপুর, পাবনা।

স্মারক নং: ৩৩.০২.৭৬৩৩.৫১০.৪৬.০০১.২১.১০৩

তারিখঃ ১৫/০৭/২০২২ খ্রি.

বিষয়: সিনিয়র উপজেলা মৎস্য দপ্তর ফরিদপুর, পাবনা এর ২০২১-২২ অর্থবছরের কাযাবলী সম্পকিত বার্ষিক প্রতিবেদন প্রেরন প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে সিনিয়র উপজেলা মৎস্য দপ্তর ফরিদপুর, পাবনা এর ২০২১-২২ অর্থবছরের কার্াবলী সম্পকিত বার্ষিক প্রতিবেদন পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরিত হলো।

১৫/০৭/২০২২
(মো: আব্দুল মতিন)
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
ফরিদপুর, পাবনা।

প্রাপক,
জেলা মৎস্য কর্মকর্তা
পাবনা।

স্মারক নং: ৩৩.০২.৭৬৩৩.৫১০.৪৬.০০১.২১.১০৩/১(০২)

তারিখঃ ১৫/০৭/২০২২ খ্রি.

অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরিত হলো।

০১) উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী।
০২) অফিস কপি।

১৫/০৭/২০২২
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
ফরিদপুর, পাবনা।

# [৩.১] বার্ষিক প্রতিবেদন প্রকাশিত

## সিনিয়র উপজেলা মৎস্য দপ্তর

## ফরিদপুর, পাবনা ।

# সিনিয়র উপজেলা মৎস্য দপ্তর, ফরিদপুর, পাবনা এর বার্ষিক প্রতিবেদন

মন্ত্রণালয়ঃ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

দপ্তরঃ সিনিয়র উপজেলা মৎস্য দপ্তর, ফরিদপুর, পাবনা।

প্রতিবেদনাধীন বছরঃ ২০২১-২০২২

প্রতিবেদন প্রস্তুতির তারিখঃ ১৫ জুলাই, ২০২২ খ্রি.

## (১) প্রশাসনিক

### ১.১ কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা (রাজস্ব)

| দপ্তরের নাম | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ | অস্থায়ী পদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| সিনিয়র উপজেলা মৎস্য দপ্তর, ফরিদপুর, পাবনা। | ০৫ | ০৪ | ০১ | ০২ | |

### ১.২ শূন্যপদের বিন্যাস

| ১ম শ্রেণি | ২য় শ্রেণি | ৩য় শ্রেণি | ৪র্থ শ্রেণি | মন্তব্য |
|---|---|---|---|---|
| - | ১ | - | - | প্রকল্পের সম্প্রসারণ কর্মকর্তার পদ শূন্য |

## (২) অডিট আপত্তি

### ২.১ অডিট আপত্তি সংক্রান্ত তথ্য (৩০ জুন, ২০২২ পযর্)

| ক্র. নং | দপ্তরের নাম | অডিট আপত্তি | | ব্রডশিটে জবাবের সংখ্যা | নিষ্পত্তিকৃত অটিট আপত্তি | | অনিষ্পন্ন অডিট আপত্তি | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | সংখ্যা | টাকার পরিমান | | সংখ্যা | টাকার পরিমাণ | সংখ্যা | টাকার পরিমাণ |
| ০১ | সিনিয়র উপজেলা মৎস্য দপ্তর, ফরিদপুর, পাবনা। | ০১ | ৩১,৭০০/- | - | - | - | ১ | ৩১,৭০০/- |

## (৩) শৃঙ্খলা/বিভাগীয় মামলাঃ

| ২০২১-২০২২ অর্থবছরে মোট বিভাগীয় মামলার সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে নিষ্পন্নকৃত মামলার সংখ্যা | | | | অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|
| | চাকুরিচ্যুতি/বরখাস্ত | অব্যাহতি | অন্যান্য দন্ড | মোট | |
| - | - | - | - | - | - |

## (৪) মানব সম্পদ উন্নয়ন

### ৪.১ প্রশিক্ষণ (০১ জুলাই, ২০২১ হতে ৩০ জুন, ২০২২ পযন্ত)

| প্রশিক্ষণ কর্মসূচির মোট সংখ্যা | মোট অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|
| ১০ ব্যাচ | ২৪৩ জন |

৪.২ দপ্তর কর্তক প্রতিবেদনাধীন অর্থবছরে কোন ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বিবরণঃ ২০২১-২০২২ অর্থবছরে কর্মকর্তা-কর্মচারীদের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে ইন-হাউজ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

৪.৩ প্রতিবেদনাধীন অর্থবছরে (০১ জুলাই, ২০২১ হতে ৩০ জুন ২০২২) প্রশিক্ষণের জন্য বিদেশে ঘমনকারী কর্মকর্তা-কর্মচারীর সংখ্যা- নাই

১৫/০৭/২০২২

(৫) প্রতিবেদনাধীন অর্থবছরে গুরুত্বপূণ্য/উল্লেখ্যযোগ্য কার্যাবলিঃ

- ২০২১-২০২২ অর্থবছরে সিনিয়র উপজেলা মৎস্য দপ্তর, ফরিদপুর, পাবনার মাধ্যমে ২৪৩ জন (রাজস্ব- ১০০ জন, এনএটিপি-২-৩০ জন, ইউনিয়ন প্রকম্প-৩৮ জন, রাজশাহী প্রকল্প- ৭৫ জন ) কে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
- ২০২১-২০২২ অর্থবছরে সিনিয়র উপজেলা মৎস্য দপ্তর, ফরিদপুর, পাবনার ব্যবস্থাপনায় মৎস্য সুরক্ষা ও সংরক্ষন আইন ১৯৫০ এর আওতায় মোট ১২ টি অভিযান/ মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।
- ২০২১-২০২২ অর্থবছরে সিনিয়র উপজেলা মৎস্য দপ্তর, ফরিদপুর, পাবনা এর মাধ্যমে ১৮৫ জন মৎস্য চাষীকে উন্নত প্রজাতির মৎস্য চাষে পরামর্শ প্রদান করা হয়, ০৪ টি বিল নার্সারী স্থাপন করা হয়, ৫০০ কেজি মাছের পোনা অবমুক্ত করা হয়, ০৪ টি জলাশয়ভিত্তিক মৎস্যজীবিদের সংঘটিত করা হয়, ০৫ টি মৎস্য অভয়াশ্রম রক্ষনাবেক্ষন/মেরামত করা হয়, ২৩ টি উন্নত প্রযুক্তির মৎস্য খামার স্থাপন করা হয়, মৎস্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে মৎস্যচাষীদের নিয়ে ০৪ টি মতবিনিময় সভা ও ০১ টি মৎস্য র‍্যালির আয়োজন করা হয়, মৎস্য খামার যান্ত্রিকীকরনের লক্ষ্যে ০১ টি মৎস্য খামার যান্ত্রিকীকরন করা হয়, ০৬ টি মৎস্য উৎপাদনকারী সংগঠনকে সংগঠিত করা হয়। নিরাপদ মৎস্য খাদ্য সরাবরাহের নিমিত্তে ০২ টি মৎস্য খাদ্যের নমুনা পরীক্ষা করা হয় এবং ০২ টি মৎস্য খাদ্যের খুচরা বিক্রেতার লাইসেন্স নবায়ন করা হয়।
- জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে ২০২১-২২ অর্থবছরে সিনিয়র উপজেলা মৎস্য দপ্তর ফরিদপুর, পাবনার মাধ্যমে ০৪ টি নৈতিকতা কমিটির সভা আয়োজন করা হয়, এবং সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করা হয়। সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহণে ০৪ টি সভার আয়োজন করা হয়। কর্মপরিবেশ উন্নয়নে অফিসের পরিস্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি করা হয়।
- বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২২ বাস্তবায়নের লক্ষ্যে ০১ টি উদ্ভাবন কর্মপরিকল্পনা গ্রহন করা হয়। অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনার লক্ষ্যে ০১ টি অভিযোগ বক্স স্থাপন করা হয়। সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে সকল কমিটি গঠন করা হয়, এবং নিয়মিত ওয়েব পোর্টাল হালনাগাদ করা হয় এবং তথ্য অধিকার বিষয়ে স্বপ্রনোদিতভাবে প্রকাশযোগ্য সকল তথ্য ওয়েবসাইটে হালনাগাদ করা হয়, নির্ধারিত সময়ের মধ্যে সকল তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি করা হয়। তথ্য অধিকার আইন ২০০৯ এর ০৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স হালনাগাদ করা হয় এবং তথ্য অধিকার আইন ২০০৯ ও এর বিধিমালা প্রবিধানমালা স্বপ্রনোদিত তথ্য প্রকাশ নির্দেশিকাসহ সংশ্লিষ্ট বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষনের আয়োজন করা হয় এবং সকল ত্রৈমাসিক প্রতিবেদন নির্ধারিত সময়ে ওয়েবসাইটের তথ্য অধিকার সেবা বক্সে প্রকাশ করা হয়।

> মুজিববর্ষ এবং স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উপলক্ষ্যে সিনিয়র উপজেলা মৎস্য দপ্তর ফরিদপুর, পাবনা কর্তৃক গৃহীত বিভিন্ন কর্মসূচী:

- মুজিববর্ষ উপলক্ষ্যে ০৬ টি বিশেষ মৎস্য সেবা সপ্তাহ প্রদান করা হয়, উক্ত সেবা সপ্তাহের মাধ্যমে ৩০০ জন মৎস্যচাষীকে উন্নত প্রযুক্তিতে মাছ চাষ বিষয়ে পরামর্শ প্রদান করা হয় এবং ৬০ টি পুকুরের মাটি ও পানি পরীক্ষা করা হয়। মুজিববর্ষ ও স্বাধীনতার সুবর্ন জয়ন্তী উপলক্ষ্যে অফিসিয়াল সকল পত্রাদিতে মুজিববর্ষের লোগো ব্যবহার করা হয় এবং মুজিববর্ষ ও স্বাধীনতার সুবর্ন জয়ন্তী উপলক্ষ্যে আয়োজিত মেলায় সিনিয়র উপজেলা মৎস্য দপ্তর ফরিদপুর, পাবনা মেলায় অংশগ্রহন করে।

৬. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত তথ্য: (০১ জুলাই ২০২১ হতে ৩০ জুন ২০২২ পযন্ত)

৬.১ ইউনিয়ন পযায়ে মৎস্য চাষ প্রযুক্তি সেবা সম্প্রসারন প্রকল্প (২য় পযায়)

| ক্রমিক নং | বরাদ্দকৃত খাত | বরাদ্দকৃত অর্থ | ব্যয়কৃত অর্থ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | প্রদর্শনী খামার স্থাপন | ২,৪০,০০০/- | ২,৪০,০০০/- | |
| ০২ | প্রশিক্ষণ | ৮৪,০০০/- | ৮৪,০০০/- | |
| ০৩ | মতবিনিময় সভা | ৩০,০০০/- | ৩০,০০০/- | |

৬.২ রাজশাহী বিভাগে মৎস্য সম্পদ উন্নয়ন প্রকল্প:

| ক্রমিক নং | বরাদ্দকৃত খাত | বরাদ্দকৃত অর্থ | ব্যয়কৃত অর্থ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | প্রদর্শনী খামার স্থাপন | ৫,৫০,০০০/- | ৫,৫০,০০০/- | |
| ০২ | প্রশিক্ষণ | ১,৩৫,০০০/- | ১,৩৫,০০০/- | |
| ০৩ | মতবিনিময় সভা | ৩০,০০০/- | ৩০,০০০/- | |
| ০৪ | নতুন মৎস্য অভয়াশ্রম স্থাপন | ৬,০০,০০০/- | ৬,০০,০০০/- | |
| ০৫ | মৎস্য অভয়াশ্রম মেরামত | ৭,০০,০০০/- | ৭,০০,০০০/- | |
| ০৬ | বিল নার্সারী স্থাপন | ১৮,৭৫,০০০/- | ১৮,৭৫,০০০/- | |

৬.৩ জলাশয় সংস্কারের মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধি প্রকল্প:

| ক্রমিক নং | বরাদ্দকৃত খাত | বরাদ্দকৃত অর্থ | ব্যয়কৃত অর্থ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | প্রদর্শনী খামার স্থাপন | ৬০,০০০/- | ৬০,০০০/- | |
| ০২ | জলাশয় সংস্কার | ১০,৩৯,০০০/- | ১০,৩৯,০০০/- | |

৬.৪ ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম ফেজ ২ প্রজেক্ট (এনএটিপি ২):

| ক্রমিক নং | বরাদ্দকৃত খাত | বরাদ্দকৃত অর্থ | ব্যয়কৃত অর্থ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | প্রদর্শনী খামার স্থাপন | ৩,৬০,০০০/- | ৩,৬০,০০০/- | |
| ০২ | প্রশিক্ষণ | ২৫,০০০/- | ২৫,০০০/- | |
| ০৩ | এগ্রিকালচারাল ইনোভেশন ফান্ড ২ | ৫,৭৪,০০০/- | ৫,৭৪,০০০/- | দুইটি সিআইজি |

৭. সিনিয়র উপজেলা মৎস্য দপ্তর ফরিদপুর, পাবনা এর ভবিষ্যৎ পরিকল্পনা:

সরকারের নির্বাচনী ইসতেহার, ২০৪১ সালের মধ্যে উন্নত সমৃদ্ধ দেশে উন্নীতকরন এবং এসডিজি এ উল্লেখিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনায় ( ২০২১-২০২৫) মৎস্য সেক্টরে অর্জিতব্য প্রধান লক্ষ্য সমূহ হলো মৎস্যচাষী/মৎস্যজীবীদের আয় ১০ শতাংশ বৃদ্ধিকরন, দৈনিক মাথাপিছু মাছ গ্রহণের পরিমান ৬৪ গ্রাম নিশ্চিতকরন। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২২ সালের সকল কাযক্রম বাস্তবায়নের ফলে চলনবিল অধ্যুষিত ফরিদপুর উপজেলায় মাছের উৎপাদন ৩৩৪৫ মে. টনে উন্নীত হয়েছে।